রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০১ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৯১-আইন/২০২৬।—সরকার, বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সানের ৭ নং আইন) এর ধারা ৪৯(২)(ক) ও ৫৮ এবং Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এর section 12(3) ও 12(4)-এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নছকের কলাম (২)-এ বর্ণিত বিদ্যুৎ আদালতসমূহের বিপরীতে কলাম (৩)-এ বর্ণিতমতে স্থানীয় এখতিয়ার পুনঃনির্ধারণ করিল, যথা:—

ক্রমিক নং	ম্যাজিস্ট্রেট ও আদালতের নাম	স্থানীয় এখতিয়ার
(১)	(২)	(৩)
১.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ডিপিডিসি আদালত-১	ডিপিডিসি-এর এনওসিএস জিগাতলা, লালবাগ, কামরাঙ্গীরচর, আজিমপুর, পরিবাগ, সাতমসজিদ, ধানমন্ডি, শ্যামলী, আদাবর ও শেরেবাংলা নগর এলাকা
২.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ডিপিডিসি আদালত-২	ডিপিডিসি-এর এনওসিএস খিলগাঁও, বাসাবো, বনশ্রী, মগবাজার, তেজগাঁও, কাকরাইল, রমনা ও রাজারবাগ এলাকা

মূল্য : টাকা ৮.০০

ক্রমিক নং	ম্যাজিস্ট্রেট ও আদালতের নাম	স্থানীয় এখতিয়ার
(১)	(২)	(৩)
৩.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ডিপিডিসি আদালত-৩	ডিপিডিসি-এর এনওসিএস মতিঝিল, নারিন্দা, স্বামীবাগ, বংশাল, বাংলাবাজার, কাজলা, মুগদাপাড়া ও মানিকনগর এলাকা
৪.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ডিপিডিসি আদালত-৪	ডিপিডিসি-এর এনওসিএস ডেমরা, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ পূর্ব, নারায়ণগঞ্জ পশ্চিম, মাতুয়াইল, ফতুল্লা, শীতলক্ষ্যা, জুরাইন, পোস্তগোলা ও শ্যামপুর এলাকা
৫.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ডেসকো আদালত	ডেসকো-এর সমগ্র এলাকা
৬.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, পল্লী বিদ্যুৎ আদালত নং-১	ঢাকা পবিস-১, ৩ নারায়ণগঞ্জ পবিস ১, ২, মুন্সীগঞ্জ পবিস এবং নরসিংদী পবিস ১, ২-এর এলাকা
৭.	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, পল্লী বিদ্যুৎ আদালত নং-২	ঢাকা পবিস-২, ৪, মানিকগঞ্জ পবিস এবং গাজীপুর পবিস ১, ২-এর এলাকা
৮.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, চট্টগ্রাম উত্তর	বাবিউবো-এর চট্টগ্রাম জেলার কর্ণফুলী নদী হইতে উত্তরাঞ্চল, রাঙ্গামাটি, খাগড়াছড়ি জেলা এলাকা এবং চট্টগ্রাম পবিস-১, ২-এর এলাকা
৯.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, চট্টগ্রাম দক্ষিণ	বাবিউবো-এর চট্রগ্রাম জেলার কর্ণফুলী নদী হইতে দক্ষিণাঞ্চল, বান্দরবান এবং কক্সবাজার জেলা এলাকা এবং চট্টগ্রাম পবিস-৩ ও কক্সবাজার পবিস-এর এলাকা
১০.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, কুমিল্লা	বাবিউবো-এর কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা এলাকা এবং কুমিল্লা পবিস-১, ২, ৩, ৪, ব্রাহ্মণবাড়িয়া পবিস ও চাঁদপুর পবিস-১, ২-এর এলাকা
১১.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, নোয়াখালী	বাবিউবো-এর ফেনী, লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলা এলাকা এবং ফেনী পবিস, লক্ষ্মীপুর পবিস ও নোয়াখালী পবিস-এর এলাকা
১২.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, ময়মনসিংহ	বাবিউবো-এর ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এলাকা এবং ময়মনসিংহ পবিস-১, ২, ৩ ও নেত্রকোণা পবিস-এর এলাকা
১৩.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, কিশোরগঞ্জ	বাবিউবো-এর কিশোরগঞ্জ জেলা এলাকা এবং কিশোরগঞ্জ পবিস-এর এলাকা
১৪.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, টাঙ্গাইল	বাবিউবো-এর টাঙ্গাইল জেলা এলাকা এবং টাঙ্গাইল পবিস-এর এলাকা

ক্রমিক নং	ম্যাজিস্ট্রেট ও আদালতের নাম	স্থানীয় এখতিয়ার
(১)	(২)	(৩)
১৫.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, জামালপুর	বাবিউবো-এর জামালপুর ও শেরপুর জেলা এলাকা এবং জামালপুর পবিস ও শেরপুর পবিস-এর এলাকা
১৬.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, সিলেট	বাবিউবো-এর সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলা এলাকা এবং সিলেট পবিস-১, ২, সুনামগঞ্জ পবিস, মৌলভীবাজার পবিস ও হবিগঞ্জ পবিস-এর এলাকা
১৭.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, রাজশাহী	নেসকো-এর রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা এলাকা এবং রাজশাহী পবিস ও চাঁপাইনবাবগঞ্জ পবিস-এর এলাকা
১৮.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, বগুড়া	নেসকো-এর বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ জেলা এলাকা এবং বগুড়া পবিস-১, ২, জয়পুরহাট পবিস ও নওগাঁ পবিস-১, ২-এর এলাকা
১৯.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, পাবনা	নেসকো-এর পাবনা, সিরাজগঞ্জ ও নাটোর জেলা এলাকা এবং পাবনা পবিস-১, ২, সিরাজগঞ্জ পবিস-১, ২ ও নাটোর পবিস-১, ২-এর এলাকা
২০.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, রংপুর	নেসকো-এর রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলা এলাকা এবং রংপুর পবিস-১, ২, গাইবান্ধা পবিস ও কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস-এর এলাকা
২১.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, দিনাজপুর	নেসকো-এর দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও নীলফামারী জেলা এলাকা এবং দিনাজপুর পবিস-১, ২, ঠাকুরগাঁও পবিস ও নীলফামারী পবিস-এর এলাকা
২২.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, খুলনা	ওজোপাডিকো-এর খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা এলাকা এবং খুলনা পবিস, সাতক্ষীরা পবিস ও বাগেরহাট পবিস-এর এলাকা
২৩.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, যশোর	ওজোপাডিকো-এর যশোর, মাগুরা নড়াইল ও ঝিনাইদহ জেলা এলাকা এবং যশোর পবিস-১, ২, মাগুরা পবিস ও ঝিনাইদহ পবিস-এর এলাকা
২৪.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, ফরিদপুর	ওজোপাডিকো-এর ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা এলাকা এবং ফরিদপুর পবিস, গোপালগঞ্জ পবিস, রাজবাড়ী পবিস, শরীয়তপুর পবিস ও মাদারীপুর পবিস-এর এলাকা

ক্রমিক নং	ম্যাজিস্ট্রেট ও আদালতের নাম	স্থানীয় এখতিয়ার
(১)	(২)	(৩)
২৫.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, বরিশাল	ওজোপাডিকো-এর বরিশাল, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলা এলাকা এবং বরিশাল পবিস-১, ২ পটুয়াখালী পবিস, ভোলা পবিস, ঝালকাঠি পবিস ও পিরোজপুর পবিস-এর এলাকা
২৬.	স্পেশাল ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, কুষ্টিয়া	ওজোপাডিকো-এর কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা এলাকা এবং মেহেরপুর পবিস ও কুষ্টিয়া পবিস-এর এলাকা

২। উপরিউক্ত ছকের কলাম (২)-এ বর্ণিত বিদ্যুৎ আদালতসমূহের দায়িত্বপ্রাপ্ত স্পেশাল ম্যাজিস্ট্রেট/স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উপর্যুক্ত ছকের (৩) নং কলামে বর্ণিত অধিক্ষেত্রে উক্ত বিদ্যুৎ আইন, ২০১৮-এর অধীন সংঘটিত অপরাধসমূহ আমলে গ্রহণ, বিচার ও অন্যান্য আইনানুগ কার্যধারা নিষ্পত্তির ক্ষমতা থাকিবে।

৩। উপর্যুক্ত ছকের কলাম (২)-এ বর্ণিত বিদ্যুৎ আদালতসমূহের দায়িত্বপ্রাপ্ত স্পেশাল ম্যাজিস্ট্রেট/ স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উপর্যুক্ত ছকের (৩) নং কলামে বর্ণিত অধিক্ষেত্রে উক্ত বিদ্যুৎ আইন, ২০১৮-এর অধীন অপরাধসমূহ মধ্যে যেসব অপরাধ Code of Criminal Procedure, 1898-এর Chapter XXII-অনুযায়ী সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারযোগ্য, সেসব অপরাধ বর্ণিত আইনের বিধান অনুসারে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার ও নিষ্পত্তির ক্ষমতা থাকিবে।

৪। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে কোনো বিদ্যুৎ আদালতে বিচারাধীন মামলা, যাহা এই প্রজ্ঞাপনের ফলে অন্য কোনো বিদ্যুৎ আদালতের স্থানীয় এখতিয়ারভুক্ত হইয়াছে, তাহা ৬০ (ষাট) দিনের মধ্যে আইনানুগভাবে সংশ্লিষ্ট বিদ্যুৎ আদালতে স্থানান্তরিত হইবে এবং কোনো মামলা যেই পর্যায়ে স্থানান্তরিত হইবে, উক্ত মামলা সেই পর্যায় হইতে বিচারকার্য আরম্ভ হইবে।

৫। এই প্রজ্ঞাপন অবিলম্বের কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আশেকুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd